

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন (৭ম তলা)

৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

Web: www.brd.gov.bd

নম্বর: ৪৭.৬২.০০০০.৯৮১.১৮.০১০.১৯.৮৮

তারিখ: ১৪/০৩/২০২২ খ্রিঃ।

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন 'দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পটি ১ জানুয়ারি, ২০১৯ খ্রিঃ হতে ৩১ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ মেয়াদে ৬৪ টি জেলার ২৫৬ টি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। প্রকল্প বাস্তবায়নের এ পর্যায়ে পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক দায়িত্বপ্রাপ্ত/ নিযুক্ত প্রতিষ্ঠান Creative Consultants International Ltd প্রকল্পভূক্ত বিভিন্ন জেলা ও উপজেলায় প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনা করবেন। উক্ত নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমে Creative Consultants International Ltd এর সদস্য/ কর্মী/ কর্মকর্তাগণকে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহসহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের বিষয়টি অতীব জরুরি ও গুরুত্বপূর্ণ। প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদনের নিমিত্ত পরিবীক্ষণকালীন প্রকল্প বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে নিম্নরূপ নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

১। পরিবীক্ষণকারী প্রতিষ্ঠানের ৬ টি টিমকে সহযোগিতা করার জন্য প্রকল্পের উপপ্রকল্প পরিচালক, সহকারী পরিচালকগণ (৪ জন), শস্য উৎপাদন বিশেষজ্ঞ ও হিসাবরক্ষণ কর্মকর্তা সমন্বয়ের দায়িত্ব পালন করবেন এবং প্রয়োজনে পরিবীক্ষণকালীন মাঠ পর্যায়ে সার্বক্ষণিক অবস্থানপূর্বক মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীর সঙ্গে পরিবীক্ষণকারী টিমের সমন্বয়ের কাজটি সুচারুরূপে সম্পন্ন করবেন।


২। প্রকল্পের উপ-অঞ্চলে কর্মরত অপ্রধান শস্য বিশেষজ্ঞ ও শস্য উন্নয়ন কর্মকর্তাগণ স্ব-স্ব এলাকা পরিবীক্ষণকালীন সংশ্লিষ্ট জেলা/ উপজেলায় অবস্থান নিশ্চিতপূর্বক এ কাজে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

৩। উপজেলা পর্যায়ের উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সহকারী পল্লী উন্নয়ন অফিসার, হিসাবরক্ষক ও প্রকল্পের মাঠ সংগঠকগণ - এ কাজে প্রয়োজনীয়/ টিমের সদস্য কর্তৃক চাহিত তথ্য সরবরাহসহ সার্বিক সহযোগিতা নিশ্চিত করবেন এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

৪। জেলা পর্যায়ের উপপরিচালকগণ মাঠ পর্যায়ের পরিবীক্ষণ কার্যক্রম যথাযথভাবে তদারকি করবেন এবং প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

৫। প্রকল্প পরিচালক সার্বিকভাবে উপর্যুক্ত কার্যাবলী সমন্বয়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

বিষয়টি অতীব জরুরি।



(সুপ্রিয় কুমার কুণ্ডু)

মহাপরিচালক

ফোনঃ ০২ ৮১৮০০০২

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১। পরিচালক (প্রশাসন/ সরেজমিন/পরিকল্পনা), বিআরডিবি, ঢাকা।

২। উপপরিচালক, বিআরডিবি, জেলাদপ্তর: -----(সকল)।

৩। প্রকল্প পরিচালক / উপপ্রকল্প পরিচালক/ সহকারী পরিচালক/ শস্য উৎপাদন বিশেষজ্ঞ/ হিসাবরক্ষণ কর্মকর্তা, দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী, বিআরডিবি, ঢাকা।

৪। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৫। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা:------(২৫৬); জেলা:------(সকল)।

৬। অপ্রধান শস্য বিশেষজ্ঞ/ শস্য উন্নয়ন কর্মকর্তা, দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী, বিআরডিবি, জেলা: -----(২০)।

৭। মাঠ সংগঠক, দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী, বিআরডিবি, উপজেলা:------(২৫৬); জেলা:------(সকল)।

৮। অফিস নথি।